**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 21-03-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Assembly :**

রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন আজ থেকে শুরু হচ্ছে। চলবে আগামী পয়লা এপ্রিল পর্যন্ত। আজ অধিবেশনের প্রথমদিনে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় ২০২৫-২৬ অর্থবছরের পূর্ণাঙ্গ বাজেট পেশ করবেন ।পরিষদীয় মন্ত্রী রতনলাল নাথ জানান, বাজেট এবং অন্যান্য বিষয়ের উপর ট্রেজারী ও বিরোধী বেঞ্চের সদস্যরা যাতে বিস্তারিত আলোচনা করতে পারে এরজন্য এবারের বাজেট অধিবেশন বসবে ৭ দিন|

*******************

**International Forest Day :**

আজ ২১শে মার্চ, আন্তর্জাতিক বন দিবস।

সকল ধরণের গাছ এবং বনের গুরুত্ব স্বীকার এবং তাদের সুরক্ষার জন্য পদক্ষেপ নিতে এই দিনটি উদযাপন করা হয়।

২০১২ সালে, জাতিসংঘ বনের গুরুত্বপূর্ণ ভূমিকা উদযাপন এবং সচেতনতা বৃদ্ধির জন্য ২১শে মার্চকে আন্তর্জাতিক বন দিবস হিসেবে ঘোষণা করে। এবছর

বন দিবসের ভাবনা, "বন এবং খাদ্য", যা বন এবং বিশ্বব্যাপী খাদ্য নিরাপত্তার মধ্যে গভীর সংযোগের উপর জোর দেয়।

ভারতে বন সংস্কৃতি, অর্থনীতি এবং জীববৈচিত্র্যের সাথে গভীরভাবে জড়িত এবং তাদের সুরক্ষা কেবল একটি পরিবেশগত প্রয়োজনীয়তা নয় বরং একটি মৌলিক দায়িত্ব। এই লক্ষ্যে, কেন্দ্রীয় পরিবেশ, বন এবং জলবায়ু পরিবর্তন মন্ত্রক এবং অন্যান্ন সংশ্লিষ্ট মন্ত্রকগুলি বিভিন্ন প্রকল্প চালু করেছে যার মধ্য দিয়ে বনাঞ্চলকে যুক্ত করে খাদ্য নিরাপত্তা, পুষ্টি এবং জীবিকা নির্বাহের ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে ।

********************

**Jual Oram :**

কেন্দ্রীয় উপজাতি বিষয়ক মন্ত্রী জুয়েল ওরাম বলেছেন, সরকার তফসিলি উপজাতিদের মধ্যে সাক্ষরতার হার বৃদ্ধির জন্য বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে। তিনি বলেছেন, তফসিলি উপজাতিদের সাক্ষরতার হার সামগ্রিক জনসংখ্যার তুলনায় এখনও কম। লোকসভায় এক প্রশ্নের লিখিত উত্তরে শ্রী ওরাম বলেন, বিগত কয়েক বছর ধরে উপজাতিদের সাক্ষরতার ক্ষেত্রে উল্লেখযোগ্য উন্নতি হয়েছে এবং এই ব্যবধান ধীরে ধীরে কমছে। তিনি বলেন, স্কুল শিক্ষা ও সাক্ষরতা বিভাগ ২০১৮-১৯ সাল থেকে স্কুল শিক্ষার সকল স্তরে লিঙ্গ ও সামাজিক শ্রেণীর ব্যবধান পূরণের জন্য সমগ্র শিক্ষা অভিযান বাস্তবায়ন করছে। মন্ত্রী বলেন, এই প্রকল্পে চিহ্নিত জেলাগুলির ওপর বিশেষ নজর দেয়া হচ্ছে।

************************

**Plastic Pollution :**

বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ মন্ত্রী অনিমেষ দেববর্মা জানিয়েছেন, রাজ্যে প্লাস্টিক দূষন রোধে রাজ্য সরকার কঠোর পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত নিয়েছে।গতকাল আগরতলার রাজ্য দুষণ নিয়ন্ত্রণ পর্ষদ ভবনে এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা জানান| তিনি জানান, প্রাস্টিক ক্যারি ব্যাগ ব্যবহার নিষিদ্ধ করার লক্ষ্যে সরকার একটি টাস্ক ফোর্স কমিটি গড়ার সিদ্ধান্ত নিয়েছে। এই কমিটিতে দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ সহ বিভিন্ন ডিগ্রি কলেজ, বিশ্ববিদ্যালয় ও ইঞ্জিনিয়ারিং কলেজের বিশেষজ্ঞ প্রতিনিধিদের রাখা হবে।

*********************

## Election Commission :

নির্বাচন কমিশন নির্বাচন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে সমস্ত রাজনৈতিক দলের কাছ থেকে পরামর্শ চেয়েছে| পরামর্শ পাঠাতে হবে আগামী ৩০শে এপ্রিলের মধ্যে| তাছাড়া মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার সমস্ত রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকদের আগামী ৩১শে মার্চের মধ্যে নির্বাচন প্রক্রিয়া সংক্রান্ত বিষয়ে সমস্ত রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে সর্বদলীয় বৈঠক সম্পন্ন করার নির্দেশ দিয়েছেন| এই বৈঠকগুলিতে জেলা নির্বাচন আধিকারিক এবং নির্বাচন নিবন্ধন আধিকারিকগণকে উপস্থিত থাকতে হবে|

**********************

## Bio-tech Inology SKOCH :

কলেজ বায়োটেক ক্লাব প্রকল্পের জন্য এবছর জাতীয় স্তরের স্কচ (SKOCH) অ্যাওয়ার্ড ২০২৫ পুরস্কার পেয়েছে রাজ্যের বায়োটেকনোলজি দপ্তর। গতকাল

আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ মন্ত্রী অনিমেষ দেববর্মা এই সংবাদ জানান। তিনি জানান, আগামী ২৯শে মার্চ নয়াদিল্লির হ্যাবিটেট সেন্টারে এক অনুষ্ঠানে এই পুরস্কার প্রদান করা হবে| শ্রী দেববর্মা আরো জানান, বায়োটেকনোলজি দপ্তর ইতিমধ্যেই রাজ্যে মোট ২৪টি বাযোভিলেজ ২.0 প্রজেক্ট রূপায়ণের কাজ করছে এবং আগামী ২০২৫-২০২৬ অর্থবর্ষে আরো ৬টি বায়োভিলেজ ২.0 রূপায়ণের লক্ষ্যমাত্রা নিয়েছে। বায়োটেকনোলজি দপ্তর রাজ্যের ১৭টি ডিগ্রী কলেজে এপর্যন্ত ১৭টি বায়োটেক ক্লাব গড়ে তুলেছে| আগামী অর্থবর্ষে আরো নতুন ৪টি কলেজে বায়োটেক ক্লাব গড়ে তুলবে।

*********************

## NORTH EAST YOUTH FESTIVAL :

সিকিমের গ্যাংটকে উত্তর-পূর্ব যুব উৎসবে ত্রিপুরা একাঙ্ক নাটক প্রতিযোগিতায় তৃতীয় স্থান দখল করেছে | পালজোর স্টেডিয়ামে চারদিন ব্যাপী এই যুব উৎসব গতকাল শেষ হয়েছে | তৃতীয় স্থান দখল করায় রাজ্যদল প্রাইজমানি হিসাবে ২০ হাজার টাকা সহ মানপত্র ও স্মারক পেয়েছে৷ রাজ্যের শিল্পীদের হাতে পুরস্কার তুলে দেন সিকিমের মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাং |

************************

## SPORTS TALLENT SEARCH :

রাজ্যভিত্তিক ক্রীড়া প্রতিভা অন্বেষণ কর্মসূচির আজ আনুষ্ঠানিক উদ্বোধন হবে৷ রাজধানীর উমাকান্ত একাডেমির প্রাঙ্গনে তিনদিনব্যাপী এই কর্মসূচির সূচনা করবেন ক্রীড়ামন্ত্রী টিংকু রায় | অনুষ্ঠানে আগরতলা পুর নিগমের মেয়র তথা

বিধায়ক দীপক মজুমদার, পদ্মশ্রী অলিম্পিয়ান দীপা কর্মকার সহ ক্রীড়া দপ্তরের আধিকারিকরা উপস্থিত থাকবেন |

রাজ্যের আটটি জেলা থেকে বাছাই করা খেলোয়াররা এই রাজ্যস্তরের আসরে প্রতিনিধিত্ব করবেন |

*********************

**WEATHER:**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন  থাকবে। কিছু এলাকায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে | দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩০ ডিগ্রীর কাছাকাছি। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২.৮ ডিগ্রী সেলসিয়াস | আজ ভোর সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টিপাতের পরিমান ০.২ মিলিমিটার |

******************

****************